



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০৬.০০১.১৭ (অংশ-১)- ৫২

তারিখ : ২৫ মাঘ ১৪২৮
০৮ ফেব্রুয়ারি ২০২২

বিষয় : এডিপি'র বরাদ্দ অনুযায়ী স্কিম বাছাই, ডইং এবং প্রাক্কলন প্রস্তুত করা প্রসঙ্গে।

সূত্র : এ বিভাগের সমন্বয় ও কাউন্সিল শাখার স্মারক নং-২৮৪, তারিখ: ১৫/১২/২০২১খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১-২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতে বরাদ্দকৃত ৫০০.০০ কোটি (পাঁচশত কোটি) টাকা হতে সাধারণ বরাদ্দ (বিবিজি ও পিবিজি) খাতের ৪০০.০০ কোটি (চারশত কোটি) টাকা হতে ইউনিয়ন পরিষদসমূহের অনুকূলে বিবিজি বরাদ্দের ১ম কিস্তি বাবদ ১৭৮,৯৭,৯৯০০০.০০ (একশত আটাত্তর কোটি সাতানব্বই লক্ষ নিরানব্বই হাজার) টাকা ছাড় করা হয়েছে। উক্ত বরাদ্দকৃত টাকার স্কিম গ্রহণ, অনুমোদন, বিজিসিসি সভায় অগ্রায়ন ও এমআইএস-এ তথ্য এন্ট্রি করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, এলজিএসপি-৩ প্রকল্পের ডিএফ এবং সংশ্লিষ্ট সকল-কে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায়, চলতি ২০২১-২২ অর্থবছরে সম্ভাব্য এডিপি'র বরাদ্দ অনুযায়ী স্কিম বাছাই, ডইং এবং প্রাক্কলন প্রস্তুত ইত্যাদি কাজ সম্পাদনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: আকবর হোসেন)

উপসচিব

ফোন : ৯৫১৪১৯০

lgup2@lgd.gov.bd

চেয়ারম্যান (সকল)

-----ইউনিয়ন পরিষদ

-----উপজেলা

-----জেলা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রকল্প পরিচালক, লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩), মতিঝিল, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপসচিব, সমন্বয় ও কাউন্সিল শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি), জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
- ৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল) (বিষয়টি মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো)।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। অতিরিক্ত সচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। অফিস কপি।